

## ছাত্রলীগ-শিবির সংঘর্ষে চট্টগ্রাম পলিটেকনিক বন্ধ

**চট্টগ্রাম অফিস**

চট্টগ্রাম পলিটেকনিক-ইন্সটিটিউটে ছাত্রলীগ ও ছাত্রশিবিরের মধ্যে দফায় দফায় সংঘর্ষের পর প্রতিষ্ঠানটি বন্ধ ঘোষণা করা হয়েছে। বুধবার বিকাল ৩টা থেকে শুরু হওয়া এ সংঘর্ষে আহত হয়েছে কমপক্ষে আটজন। এদের মধ্যে প্রকাশ শিকদার নামে গুরুতর আহত একজনকে চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে। অপ্রীতিকর পরিস্থিতি এড়াতে ক্যাম্পাসে পর্যাপ্ত পুলিশ মোতায়েন করা হয়েছে।

বুলশী খানার ভারপ্রাপ্ত কর্মকর্তা ইফতেখার হাসান জানান, ইন্সটিটিউটের কাজী নজরুল এবং সিরাজ উদ্দৌলা হোস্টেলে ছাত্রলীগ ও ছাত্রশিবিরের কর্মীদের মধ্যে কথা-কটাকাটি ও ধাওয়া-পাল্টা ধাওয়ার জের ধরে কয়েক দফা সংঘর্ষ হয়। উভয় সংগঠনের কর্মীরা ইটপাটকেল ও লাঠিসোটা নিয়ে সংঘর্ষে লিপ্ত হয়। স্থানীয় সূত্রগুলো জানায়, শিবিরকর্মীরা বিকাল ৩টায় বন্ধ : পৃষ্ঠা ৪ কলাম ৫

**বন্ধ : পলিটেকনিক**  
(প্রথম পৃষ্ঠার পর)

সিরাজউদ্দৌলা হোস্টেলে বায়তুলমাল সংগ্রহ করার সময় ছাত্রলীগের কর্মীরা তাদের বাধা দেয়। এতে দুই পক্ষের মধ্যে কথাকাটা-কাটা এবং ধাওয়া-পাল্টা ধাওয়ার ঘটনা ঘটে। পরে এই সংঘর্ষ পাশের নজরুল হোস্টেলে এবং পর্যায়ক্রমে পুরো ক্যাম্পাসে ছড়িয়ে পড়ে। লাঠিসোটা ও ইটপাটকেল নিয়ে প্রায় দুই ঘণ্টা ধরে উভয়পক্ষের সংঘর্ষ চলে। আহতদের মধ্যে আটজনকে চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে। তাদের মধ্যে ছাত্র মৈত্রী সজাপতি প্রকাশ শিকদারের অবস্থা আশঙ্কাজনক।

ইন্সটিটিউটের অধ্যক্ষ অধ্যাপক আবদুল মালেক জানান, সংঘর্ষের পর ইন্সটিটিউটে দুদিনের জন্য ক্লাস এবং অনির্দিষ্টকালের জন্য হোস্টেল বন্ধ করে দেয়া হয়েছে। ক্লাস বন্ধ থাকলেও পূর্বঘোষিত পরীক্ষাগুলো ফরাসীতি অনুষ্ঠিত হবে। তিনি জানান, রাত সাড়ে ৮টার মধ্যে তিনটি হোস্টেল থেকে শিক্ষার্থীদের চলে যেতে বলা হয়েছে।